



শৈশবকালীন বা আর্লি চাইল্ডহুড বিন্যাসে স্বাস্থ্যগত সহায়তা

প্রিয় পরিবারবর্গ,

আশা করছি আপনি ভালো আছেন! এখন 3-K এবং প্রি-K-তে ভর্তির আবেদন এখন গ্রহণ করা হচ্ছে, এবং আপনি যখন আপনার সন্তানের জন্য প্রোগ্রাম অন্বেষণ করছেন তখন বিভিন্ন শৈশবকালীন বা আর্লি চাইল্ডহুড বিন্যাসে বিদ্যমান ভিন্ন ভিন্ন স্বাস্থ্যসেবা ব্যবস্থা সম্পর্কে আরও জানতে আমরা আপনাকে আহ্বান জানাচ্ছি। 3-K এবং প্রি-K প্রোগ্রামসমূহের প্রতিটি বিন্যাস বা সেটিংয়ে সাধারণত যে ধরনের সহায়তার ব্যবস্থা আছে, নিচে সেগুলোর একটি সংক্ষিপ্ত উপরিচিত্র দেয়া হলো।

- **নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারগুলো (NYCEEC)** হলো সেসব কমিউনিটি-ভিত্তিক সংগঠন যেগুলো নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর সাথে অংশীদারিত্বে 3-K এবং প্রি-K অফার করে। সেগুলোকে বাধ্যতামূলকভাবে প্রাথমিক চিকিৎসা বা ফার্স্ট এইড, CPR, এবং এপি-পেন (Epi-Pen) প্রয়োগে মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত স্টাফ রাখতে হবে। অতিরিক্তভাবে, স্কুল দিবস চলাকালে কোনো এনরোলকৃত শিক্ষার্থীর ঔষধ সেবনের প্রয়োজন হলে সে শিক্ষার্থীকে সহায়তাদানের জন্য NYCEEC স্টাফ ঔষধ সেবন প্রশিক্ষণ (মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং, MAT) গ্রহণ করবেন। এই প্রোগ্রামগুলো সাধারণত অফিস অভ স্কুল হেলথ আর্লি চাইল্ডহুড হেলথ ডিরেক্টর-এর দ্বারা সমর্থিত, যিনি স্বাস্থ্যসেবা নীতি, প্রোগ্রামে থাকাকালে ঔষধ সেবন, সেকশন 504 অনুসারে বিশেষ ব্যবস্থা সম্পর্কিত বিষয়ে সুপারিশ দেন, এবং যেসব শিক্ষার্থীর বিশেষ স্বাস্থ্যগত সহায়তা প্রয়োজন, তাদের পরিষেবা প্রদানের ব্যবস্থা করেন।
- **ডিস্ট্রিক্ট স্কুল এবং প্রি-K সেন্টারগুলোতে** পূর্ণকাল বা ফুল-টাইম নার্স সাইটে উপস্থিত থাকেন। এই স্কুলগুলো অফিস অভ স্কুল হেলথ ডিরেক্টর, স্কুল-ভিত্তিক 504 কোঅর্ডিনেটর, এবং প্রয়োজনে প্যারাপ্রফেশন্যালদের দ্বারা সমর্থিত।
- **ফ্যামিলি চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলো (FCC)** হলো বাড়িভিত্তিক প্রোগ্রাম (শুধু 3-K) যেগুলোর জন্য মৌলিক প্রাথমিক চিকিৎসা বা ফার্স্ট এইড ও CPR প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক এবং এপি-পেন (Epi-Pen) প্রয়োগের প্রশিক্ষণও নিতে হতে পারে। অতিরিক্তভাবে, স্কুল দিবস চলাকালে কোনো এনরোলকৃত শিক্ষার্থীর ঔষধ সেবনের প্রয়োজন হলে সে শিক্ষার্থীকে সহায়তাদানের জন্য FCC স্টাফ ঔষধ সেবন প্রশিক্ষণ (মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং, MAT) গ্রহণ করবেন। এসব প্রোগ্রাম অফিস অভ স্কুল হেলথ আর্লি চাইল্ডহুড হেলথ ডিরেক্টর-এর দ্বারা প্রয়োজনানুযায়ী সমর্থিত।

যদি স্কুল চলাকালে আপনার সন্তানের কোনো চিকিৎসাগত চাহিদা থাকে, তাহলে আমরা আপনাকে শুরুতেই তালিকাভুক্তি বা এনরোলমেন্টের সময় সহায়তা দেয়ার আশা করি, যেন নিশ্চিত করা যায় যে যথাযথ সহায়তা ব্যবস্থা শিক্ষা বছরের শুরু থেকেই বিদ্যমান আছে। আপনার সন্তানের চিকিৎসাগত প্রয়োজনে বিদ্যমান স্বাস্থ্যগত সহায়তা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে EarlyChildhoodHealth@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন। সহায়তা দিতে আমরা আপনার পাশেই আছি!

শুভেচ্ছান্তে,

DOE-এর ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? আমাদের 3-K এবং প্রি-K-তে ভর্তি সংক্রান্ত মেইলিং লিস্টে বা তালিকায় নাম লেখাতে বা [সাইন আপ](#) করতে ভুলবেন না।

আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।